# উল্লাপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ মনিরুজ্জামান
চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া ।

সভার তারিখ ঃ ২৬-১২-২০২৩ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| দ্রুততম সময়ের মধ্যে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত প্রকল্পের কাজ শুরুর লক্ষ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কাজের গুনগত মান নিশ্চিত করতে মনিটরিং জোরদার করতে হবে। কাজ শুরুর আগের ছবি এবং কাজ শেষের ছবি অবশ্যই প্রকল্প নথিতে সংযুক্ত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী বিভাজন সম্পন্ন করে কাজের গুনগত মান ঠিক রেখে দ্রুততম সময়ের মধ্যে তারা পাম্প/টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য উল্লাপাড়া | গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তারা পাম্প/টিউবওয়েল স্থাপনের কাজ যথাসময়ে সম্পন্ন করতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে |
| এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকল্পে এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পে একটি স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া | এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র নির্মাণের লক্ষ্যে পত্র যোগাযোগ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি |
| শ্রীকোলা মোড়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উল্লাপাড়া এর নির্দেশক বোর্ড স্থাপনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া | বোর্ড স্থাপনের কার্যক্রম গৃহীত হয়নি। বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়া এর সহযোগিতায় দ্রুত বোর্ড স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় নির্ধারিত তারিখের মধ্যে খাদ্য বিতরণ নিশ্চিত করতে হবে। খাদ্য বিতরণের সময় তদারকি কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>ভাতাভোগীদের শতভাগ জন্মনিবন্ধন নিশ্চিত করতে তৎপরতা বৃদ্ধি করতে হবে | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া | ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় নির্ধারিত তারিখের মধ্যে খাদ্য বিতরণ নিশ্চিত করাসহ তদারকি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। |
| উপজেলা সমাজ সেবা দপ্তরের তালিকা অনুযায়ী অনুপস্থিত উপকারভোগীদের লাইভ ভ্যারিফিকেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাদের পাওয়া যাবে না তাদের স্থলে নতুন ভাতাভোগীর নাম প্রতিস্থাপন পূর্বক উপজেলা সমাজ সেবা অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া | লাইভ ভ্যারিফিকেশনের জন্য যাদের পাওয়া যায়নি তাদের স্থলে নতুন ভাতাভোগীর নাম প্রতিস্থাপন সংক্রান্ত কোন উপস্থাপন করা হয়নি |
| লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলার সকল গবাদি প্রাণিকে তড়কা রোগের টিকা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া | লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলার সকল গবাদি প্রাণিকে তড়কা রোগের টিকা প্রদান করা হচ্ছে। |
| মৎস্য সম্পদ রক্ষায় অবৈধ কারেন্ট/চায়না দুয়ারী চালের ব্যবহার বন্ধে অভিযান জোরদার করতে হবে। মৎস্য সম্পদ ধ্বংসকারী/অবৈধ জাল ব্যবহারকারীদের বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতা প্রদান নিশ্চিত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া | |
| শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পরিদর্শন কালে বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করতে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | বিদ্যালয় পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন মাসিক সভায় উপস্থাপিত হচ্ছে না। |
| নির্দেশনা মোতাবেক যথাসময়ের মধ্যে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহের নতুন বই বিতরণ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | যথাসময়ের মধ্যে নতুন বই বিতরণ সম্পন্ন হয়েছে। |

| | | |
|---|---|---|
| ডিজিটাল ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে রাত্রিকালিন নিরাপত্তা জোরদার করতে হবে। দায়িত্ব অবহেলার দায়ে শলী বনানী বালিকা উচ্চ বিদ্যালয়ের নিরাপত্তা প্রহরীর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br>প্রধান শিক্ষক, শলী বনানী বালিকা উচ্চ বিদ্যালয়, উল্লাপাড়া | শলী বনানী বালিকা উচ্চ বিদ্যালয়ের নিরাপত্তা প্রহরীর বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। |
| ট্রান্সফর্মার মেরামত সেবা দ্রুততম সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী এল.এল.পি স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। | জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া | ট্রান্সফর্মার মেরামত সেবা দ্রুততম সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করতে জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানানো হয়েছে। |
| দ্রুততম সময়ের মধ্যে উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের সকল উপকারভোগীদের শতভাগ অনলাইন জন্য নিবন্ধন নিশ্চিত করতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের সকল উপকারভোগীদের শতভাগ অনলাইন জন্য নিবন্ধন সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। |
| নীতিমালা অনুযায়ী যথাসময়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে প্রধান শিক্ষক, সুপারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | নভেম্বর/২০২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | নভেম্বর/২০২৩ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :**<br>১। ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত/এডিপি খাতের উন্নয়ন প্রকল্প তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রকল্প যাচাই বাছাই কমিটির ২০-১২-২০২৩ খ্রি. তারিখের বিশেষ সভায় তা অনুমোদন করা হয়েছে। যা অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। প্রকল্প যাচাই বাছাই কমিটির সভার কার্যবিবরণী অদ্যকার সভায় অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। (পরিশিষ্ট " গ " তে সংযুক্ত)। | ১। ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের প্রকল্প যাচাই বাছাই কমিটির বিশেষ সভার (২০-১২-২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত) কার্যবিবনী অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো (পরিশিষ্ট " গ " তে সংযুক্ত)। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ২। ২০২৩-২০২৪ অর্থ বছরে জাইকা প্রকল্পের টেন্ডার আহবান করা হয়। মধু সরবরাহ কাজের টেন্ডার এর সিমিলার কাজের অভিজ্ঞতা না থাকায় নতুনভাবে পুনঃ টেন্ডার আহবান করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | ২। জাইকা প্রকল্পের আওতায় মধু সংশোধন মেশিন ক্রয়ের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৩। ট্রাফিক পুলিশের দায়িত্ব পালনের সুবিধার্থে ট্রাফিক পুলিশবক্স নির্মানের জন্য জায়গা নির্ধারনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যে স্থানে ট্রাফিক পুলিশবক্স নির্মাণ করা হলে ট্রাফিক পুলিশের দায়িত্ব পালনে সুবিধা হবে সেরূপ স্থানের প্রস্তাব করার জন্য ট্রাফিক ইন্সপেক্টর, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হয়। | ৩। ট্রাফিক পুলিশবক্স নির্মানের জন্য সুবিধাজনক স্থান নির্বাচন করে দেওয়ার জন্য ট্রাফিক ইন্সপেক্টর, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হলো। | ট্রাফিক ইন্সপেক্টর, উল্লাপাড়া |
| | ৪। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক উত্তোলিত বালু নিলামে বিক্রির জন্য ঠিকাদার নিযুক্ত করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার বালু পরিহনের জন্য উপজেলার বিভিন্ন রাস্তা ব্যবহার করছে ফলে রাস্তাগুলো ক্ষতিসাধিত হচ্ছে। ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত করে দেওয়ার শর্ত থাকলেও ঠিকাদার তা করছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পানি উন্নয়ন বোর্ড কর্তৃক উত্তোলিত বালু নিলামে বিক্রির ফলে বালু পরিবহনের জন্য রাস্তার ক্ষতি সাধিত হলে দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে দিয়ে ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ |
| | ৫। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের অফিস কক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের অফিস কক্ষ ইনটেরিয়র সজ্জিতকরনের জন্য প্রাক্কলন | ৫। বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের অফিস কক্ষ ইনটেরিয় সজ্জিতকরণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>২০২৪ সালের নতুন বই বিতরণ চলমান আছে। এ যাবত এবতেদায়ী পর্যায়ে ১০০% , বিদ্যালয় পর্যায়ে ৫০%, মাদ্রাসা পর্যায়ে ৭৮% বই বিতরণ সম্পন্ন হয়েছে।<br><br>নতুন কারিকুলাম বাস্তবায়ন স্কিম এর আওতায় গত ১৭-২৪ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত উপজেলার ১২১৭ জন বিষয় ভিত্তিক শিক্ষককে উপজেলার এইচ টি ইমাম গালর্স স্কুল এন্ড কলেজে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের সম্মানী ভাতা পরিশোধ করা হবে। | নতুন বছরের নতুন বই বিতরণ শতভাগ নিশ্চিত করতে হবে।<br><br>প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগনের সম্মানী ভাতা দ্রুততম সময়ে মধ্যে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি :**<br><br>চলতি বছরে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা ছিল ২৩৫১৫ হেক্টর। এছাড়া মধু উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ১৮০ মেঃ টন। মাঠ পর্যায়ে সকল তদারকি চলমান আছে। এছাড়া কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় শাক সবজির প্রনোদনা ৪৪০ জনের বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিতরনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কৃষি পুনর্বাসন কর্মসূচির নীতিমালা ও শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক অগ্রাধিকার তালিকা তৈরি ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক তা অনুমোদন পূর্বক প্রণোদনা বিতরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৬ | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>২০২৪ শিক্ষাবর্ষে বিনামূল্যে বিতরনের নিমিত্ত গত ২০ ডিসেম্বর, ২০২৩ হতে প্রাথমিক পর্যায়ের সকল বিদ্যালয় হতে বই বিতরণ শুরু হয়েছে। আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সকল সরকারি ও কিন্ডার গার্টেনগুলোতে বই বিতরণ সম্পন্ন হবে। পহেলা জানুয়ারি, ২০২৪ তারিখ বই উৎসব পালিত হবে। বই উৎসব সফল করতে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | যথাযোগ্য মর্যাদায় আগামী পহেলা জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ বই উৎসব পালন নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি :**<br>**প্রাণি সম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান এলএসডি প্রতিরোধে গত মাসে ০৩টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। এন্থ্রক্স/তড়কা নিয়ন্ত্রণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা প্রয়োজন। গবাদি পশুর চিকিৎসা ২৯৫৮টি, গবাদি পশুর টিকা প্রদান ৬৪৫০০ টি, হাস মুরগীর চিকিৎসা প্রদান ৩৬০৩০ টি, হাস মুরগীর টিকা প্রদান ৭৭৪০০টি কৃত্তিম প্রজনন ১৩৯০টি, টিকা বিক্রয় বাবদ ২৪৮৭৫/- টাকা। কৃত্রিম প্রজনন ফি বাবদ ১০৪২৫০/- টাকা পিপিআর নিয়ন্ত্রণের লক্ষ্য শতভাগ ছাগল-ভেড়ার টিকা প্রদান করা হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের আওতায় প্রকল্প তালিকা দাখিল করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| | **মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া জানান বর্তমানে জাটকা সংরক্ষণ অভিযান চলমান রয়েছে। হাট বাজারগুলোতে ফরমালিন বিরোধী অভিযান ও অবৈধ মাছ ক্রয়-বিক্রয় ও সরবরাহের বিরুদ্ধে অভিযান চলমান রয়েছে। উল্লাপাড়া উপজেলায় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য চাষীরা যেন স্বাভাবিকভাবে পুকুর সংস্কার করতে পারে সেলক্ষ্যে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়া চায়না দুয়ারী ও কারেন্ট জাল ব্যবহার, ক্রয়-বিক্রয় ও সরবরাহকারীদের বিষয়ে তথ্য দিয়ে উপজেলা মৎস্য দপ্তরকে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | মৎস্য চাষী কর্তৃক তাদের পুকুর সংস্কারের ক্ষেত্রে পার্শ্ববর্তী আবাদী কৃষি জমির যাতে কোন প্রকার ক্ষতি সাধিত না হয় সেই বিষয়টি নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি :**<br>সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান | ঋণ বিতরণ, ঋণ আদায় এবং প্রশিক্ষণার্থী | উপজেলা যুব উন্নয়ন |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন মাসে যুব ঋণ বিতরণ ৬,০০,০০০/- টাকা। চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ১৭,৪০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫,০২,৮০,০০০/- টাকা । প্রতিবেদনাধীন মাসে আদায়যোগ্য ঋণের পরিমান ২,৮৩,২৩০/- টাকা । প্রশিক্ষণ পুরুষ ৩৪৬১ জন মহিলা ২৩০৭ জন। আত্মকর্মী পুরুষ ২৮৫২ জন, মহিলা ৯২৮ জন। ৬০ জন বেকার যুব ও যুব মহিলাকে স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ১২ জন বেকার যুব ও যুব মহিলাকে ৬২০০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হবে। সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রকল্পের মাধ্যমে ০১ জন বেকার যুব মহিলা প্রশিক্ষণ গ্রহণ করে বায়োগ্যাস প্লান্ট স্থাপন করেছেন। | মনোনয়নের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি :**<br><br>**পল্লী উন্নয়ন বিভাগ :**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসের আওতায় ০৭ টি প্রকল্পের কাজ করা হয়। তন্মোধ্যে ০৬টি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয় এছাড়া একটি প্রকল্পের অধীনে নির্মান কাজ করা হয়। ঋণ কার্যক্রমে মুক্তিযোদ্ধা প্রকল্পে ৩৮০০০০/- টাকা খেলাপী আছে। এছাড়া অন্যান্য ঋণ কার্যক্রমে কোন খেলাপী নেই। আদায় সন্তোষজনক। গত মাসে ০৪টি সমিতির ৬২ জন সদস্যের মাঝে ১৮৬৬০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের পরিমান ৯১,৩২,০০০/- টাকা। বিগত মাসে ঋণ আদায়ের পরিমান ২৩১৪০০০/- টাকা এবং চলতি অর্থ বছরে ঋণ আদায়ের পরিমান ১০০৯৩০০০/- টাকা। নির্মাণ প্রকল্পটি (পিআরডিপি-৩) চলতি অর্থ বছরে অনুমোদনের অপেক্ষায় আছে। বর্তমানে প্রকল্পের কাজ স্থগিত আছে। বিআরডিবি'র ঋণ কার্যক্রমের ঋণ কার্যক্রমের আদায় প্রায় ৯৯.৮৫%।<br><br>**সমবায় বিভাগ :**<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া জানান সমবায় দপ্তরের অডিট ফি এবং সিডিএফ আদায় চলমান আছে। উপজেলা সমবায় দপ্তরের মাধ্যমে উপজেলার মোট ০৬(ছয়) টি আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে সমিতি গঠন করা হয়েছে। | ঋণ বিতরণে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার দিতে হবে। সেই সাথে ঋণ বিতরণ, ঋণ আদায় কাজে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে।<br><br>আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে সমিতি গঠনসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ**<br><br>চলতি অর্থ বছরে অভ্যন্তরীন আমন ধান-চাল সংগ্রহ কার্যক্রম চলমান আছে। এ পর্যন্ত স্থানীয় খাদ্য গুদামে ৩৬৫.০০ মেঃ টন আমন চাল সংগৃহীত হয়েছে। আগ্রহী কৃষকদের তালিকা এখনও পাওয়া যায়নি। আবেদনের ভিত্তিতে ধান সংগ্রহ করা হবে। সংগ্রহ কার্যক্রম ২৩ নভেম্বর, ২০২৩ তারিখ হতে শুরু হয়েছে এবং এ কার্যক্রম ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ পর্যন্ত চলমান থাকবে। চলতি মৌসুমে সরকারি বিনির্দেশ সম্মত চাল গুদামে সরবরাহ করার জন্য অত্র উপজেলার মোট ২৪ (চব্বিশ) জন মিল মালিক খাদ্য বিভাগের সাথে চুক্তিবদ্ধ হয়েছেন। আমন ধানের লক্ষ্যমাত্রা ৮২২.০০ মেঃ টন এবং চালের লক্ষ্যমাত্রা ১১৪০.০০ মেঃ টন. | ধান ও চালের গুনগত মান নিশ্চিত করে গুদামজাত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া |
| ১১ | **বন ও পরিবেশ বিষয়ক কমিটি ঃ**<br><br>উপজেলা পরিষদের অভ্যন্তরে মূল্য নির্ধারণকৃত ঝুকিপূর্ণ ক্ষতিগ্রস্থ ১৬টি ইউক্যালেপটাস গাছ নিলামে বিক্রয় সম্পন্ন হয়েছে।<br><br>সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তার প্রতিনিধি জানান শ্রীকোলা হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় আরও বৃষ্টি হলে বৃক্ষ রোপন কার্যক্রম দ্রুত শুরু করা হবে। | শ্রীকোলা মোড় হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় কর্তণকৃত গাছ বিক্রির অর্থ হতেই নতুন গাছ লাগানোর বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত রাস্তায় নতুন গাছ রোপনের কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১২ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ** | | |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য অক্টোবর, ২০২৩ মাসে সম্ভাব্য মোট ২৫০০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আনুষাংগিক, আপ্যায়ন বিল পরিশোধ খাতে ৩৫,০০০/- টাকা। মালী উপজেলা পরিষদ, উল্লাপাড়া এর পারিশ্রমিক বাবদ ১৬৫০০/- টাকা এবং সুইপার উপজেলা পরিষদ এর পারিশ্রমিক বাবদ ১৫০০০/- টাকা। অক্টোবর, ২০২৩ উপজেলা বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল বাবদ ২৮৪৬১/- টাকা। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের দুইটি আইপিএস এর ব্যাটারী ক্রয় বাবদ ২৫০০০/- টাকা করে দুইটি ভাউচার পাওয়া গেছে। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের ফটোকপি মেশিনটি মেরামতের জন্য ২৪৮০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। মহান বিজয় দিবস, ২০২৩ উদযাপন ব্যয় বাবদ ৫০০০০/- টাকার বিল ভাউচার পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের অফিস কক্ষে কালার প্রিন্টার ক্রয় বাবদ ২৫০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ক্রোকারিজ ক্রয় বাবদ ২৪৩০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উক্ত ব্যয় পরিশোধ করা প্রয়োজন। | উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১৩ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া জানান প্রতিবেদনাধীন মাসে সিএসবিএ মাঠ সেবা ১৬ জনের প্রশিক্ষণ আছে এ এন সি-১ ১৩৪ এ এনসি-২ ১১৯ এ এনসি-৩ ৯১ এ এনসি৪ ৮০, হাসপাতালে ই ও সি সেবা এনভিডি, ৩০ জন, সিজার ০২ জন, যক্ষ্মা ও কুষ্ঠ সেবা, যক্ষা পরীক্ষা ১০৬৮, কেস -৮০ টি লেপ্রসি পরীক্ষা ০৭টি, কেস ০০, এ আর আই রোগী সেবা ৬৩জন, ডায়রিয়া রোগী সেবা ১৪৩ জন, জন্ম ১০৭০ জন, মৃত্যু ১৩৬ জন, ইপিআই সেবা ১০০%, বেড অকুপেন্সি রেট ৮৯%, ভায়া ও সি বি ই পরীক্ষা ভায়া-১২৮, সিবিই ১২৮। এছাড়া ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রয়েছে। | উপজেলা স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের জন্য নিবন্ধন সংক্রান্ত তথ্য প্রেরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>১। সভায় উপস্থিত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া জানান প্রতিবেদনাধীন মাসে সি আর রিপোর্ট অনুযায়ী বর্তমানে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ১২৬২৪৩ জন, এর মধ্যে পদ্ধতি গ্রহণকারী দম্পতির সংখ্যা ১০৩৭১৮ জন, পদ্ধতি গ্রহণের হার ৮২.১৬% । খাবার বড়ি বিতরণ ৫৩৩ জন, কনডম বিতরণ ১৬১ জন, ইনজেকশন ৪০৯ জন, আইইউডি ৪৩ জন, ইমপ্লান্ট ২০ জন, বন্ধাকরণ পুরুষ ০৪ জন, মহিলা ১০ জন। বর্তমানে উপজেলার ১৪টি ইউনিয়নের মোট ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং একটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, একটি এমসি এইচ ইউনিট চলমান ও সেবাদানের আওতায় আছে। | ১। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ অব্যাহত রাখতে মাঠ পর্যায়ের কর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ২। হাটিকুমরুল ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ কঃ কেন্দ্রে সেবাদান ভবন মহাসড়ক সম্প্রসারণ কাজের সময় ভাঙ্গা হয়েছে এবং সীমানা প্রাচীর না থাকায় সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। | ২। হাটিকুমরুল ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ কঃ কেন্দ্রে সেবা দান ভবনের সীমানা প্রাচীর নির্মানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরারব পত্র প্রেরণ নিশ্চিত করতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ৩। সলঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ কঃ কেন্দ্রে সীমানা প্রাচীর ও সংযোগ রাস্তা নাই এবং পুরাতন ভবন বহিরাগতদের দখলে রয়েছে। সেবা কেন্দ্রের অভ্যন্তরে বহিরাগতদের অবাধ বিচরণের কারনে অভ্যন্তরের সেবা গ্রহীতাদের সমস্যার সৃষ্টি হচ্ছে। এছাড়া উধুনিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ পঃ কেন্দ্রের সীমানা প্রাচীর (আংশিক) ও সংযোগ রাস্তা নির্মাণ করা প্রয়োজন। পুরাতন ভবন বহিরাগতদের দখলে রয়েছে। | ৩। সলঙ্গা ও উধুনিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ কঃ কেন্দ্রের পুরাতন ভবন বহিরাগতদের দখলমুক্ত করতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতায় গ্রহণ করতে হবে। সংযোগ রাস্তা নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |
| | ৪। সলপ ইউনিয়নের নলসোন্দা মৌজায় সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর .৬৬ শতক ভূমি রেজিস্ট্রি করা আছে। সেখানে উক্ত এলাকার এবং পার্শ্ববর্তী বেলকুচি ও শাহজাদপুর উপজেলার বিশাল | ৪। সলপ ইউনিয়নের ১০ শয্যা বিশিস্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়ে | উপজেলা পরিবার পরিকল্পনা |

| | | | |
|---|---|---|---|
| | জনগোষ্ঠীর স্বাস্থ্য সেবা প্রদানের জন্য ১০ শয্যা বিশিস্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মান প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | নিয়মিত তদারকি করতে হবে। | কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত উপকারভোগীদের স্থলে প্রতিস্থাপন ভাতার তালিকা জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। ভাতাভোগীদের ভাতা বিতরণে শৃঙ্খলা বজায় রাখার জন্য এজেন্ট ব্যাংকিং প্রতিষ্ঠান ব্যাংক এশিয়া নতুনভাবে ভাতাভোগীদের ফিংগারের ছাপ সংরক্ষণ করছেন। এক্ষেত্রে কিছু জটিলতার সৃষ্টি হচ্ছে। জটিলতার কারনে যারা ভাতার টাকা উত্তোলন করতে পারছেন না তাদের দ্রুত ব্যাংক এশিয়া কার্যালয়, উল্লাপাড়া যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ভাতা বিতরণ কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা বজায় রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, |
| ১৬ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>১। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সকল ভাতার আবেদন অনলাইনে করার জন্য এবং সকল ভাতাভোগী ও তাদের পরিবারের সকল সদস্যদের জন্য নিবন্ধন অনলাইন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>২। ভিডাব্লিউবি কর্মসূচির উপকারভোগীদের জন্য নিবন্ধনের কপি আগামী ৩১/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান উপকারভোগীদের খাদ্য যথাসময়ে বিতরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের সকল উপকারভোগীদের মধ্যে যাদের জন্ম নিবন্ধন অনলাইন হয়নি তাদের দ্রুততম সময়ের মধ্যে অনলাইন নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, উল্লাপাড়া**<br><br>উল্লাপাড়া উপজেলায় ১৮১ টি সেচযন্ত্র চালু আছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী গভীর নলকূপ পুনঃস্থাপন, এলএলপি স্থাপন, খাল পুনঃ খনন, জলাবদ্ধতা নিরসনে কাজ চলমান আছে।<br><br>বোরো মৌসুমে সেচযন্ত্রের ট্রান্সফরমারগুলি মেরামতের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করার জন্য সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জিএম মহোদয়কে অনুরোধ জানান।<br><br>কয়ড়া ইউনিয়নের জঙ্গলখামার বিলের জলাবদ্ধতা নিরসনে কৃষকদের পক্ষে থেকে আবেদন করা হয়েছে। উক্ত পাইপ লাইনের কাজটি করার জন্য এলজিইডি নির্মিত একটি রাস্তা পারাপার করা প্রয়োজন। উক্ত কাজে উপজেলা প্রকৌশলী মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | সেচ লাইসেন্স প্রদান সংক্রান্ত তদন্ত দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করে স্বচ্ছতার সাথে তদন্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>ইতোপূর্বে গৃহীত প্রকল্পগুলো বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে।<br><br>জঙ্গলখামার বিলের জলাবদ্ধতা নিরসনে পাইপ লাইনের কাজ নির্বিঘ্ন করতে সহযোগিতা প্রদান করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২০ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উল্লাপাড়া**<br><br>বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের জন্য ওয়াশব্লক নির্মাণ কাজ নিবিড় তদারকির মাধ্যমে সম্পন্ন হচ্ছে। উপজেলা শিক্ষা কর্মকর্তার পরামর্শক্রমে স্কুলের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির উপস্থিতিতে নির্মাণ কাজ চলমান আছে। | প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াশ ব্লক নির্মাণ কাজে নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ২১ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)**<br><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলার পাইকপাড়া কমিউনিটি ক্লিনিকের সংযোগ সড়ক নির্মাণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রকল্পের আওতায় মোট ৮০ফিট সংযোগ রাস্তা নির্মাণ করা হবে। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পুর্নিমাগাতী এর বহিঃবিভাগে ব্যবহারের জন্য | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় পাইকপাড়া কমিউনিটি ক্লিনিকের সংযোগ সড়ক (৮০ ফিট) নির্মাণ এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পুর্নিমাগাতী এর বহিঃবিভাগে ব্যবহারের জন্য সিলিং ফ্যান ক্রয়ের বিষয়ে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | সিলিং ফ্যান ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২২ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের আব্দুল হামিদ হাজীর বাড়ী হতে পংখারুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় হয়ে দত্তখারুয়া বাজার পর্যন্ত রাস্তা, দত্তখারুয়া মৌজার আব্দুল গফুরের জমির নিকট একটি ব্রীজ এবং দত্তখারুয়া গ্রামের এছকেন মেম্বারের ছেলে সাইদুরের বাড়ীর নিকট একটি ব্রীজ নির্মাণ একান্ত প্রয়োজন। এছাড়া জাইকা প্রকল্পের আওতায় নির্মিত রাস্তায় ব্লক নির্মাণ করা প্রয়োজন। | সরেজমিনে পরিদর্শন করে বর্ণিত স্থানে ব্রীজ ও রাস্তা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৩ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি**<br>তিনি বলেন এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলোর কাজ দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | প্রাক্কলন প্রস্তুতপূর্বক এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের পিআইসি'র কাজগুলো দ্রুততম সময়ের মধ্যে শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৪ | **চেয়ারম্যান, সলপ ইউপি**<br>তিনি বলেন ঘাটিনা হতে সোনতলা পর্যন্ত এলাকায় পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ কর্তৃক উত্তোলিত বালি রয়েছে। রাতের অন্ধকারে বালি চুরি হচ্ছে। উত্তোলিত বালি নিলামে বিক্রির পর বালি পরিবহনের কারনে রাস্তার ক্ষতিসাধিত হচ্ছে। পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট ঠিকাদারকে দিয়ে উক্ত ক্ষতিগ্রস্থত রাস্তা দ্রুত মেরামত করিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান তার ইউনিয়নে পানি অপসারণের জন্য বিএডিসি দপ্তর হতে প্রকল্প অনুমোদন করা হয়েছিল কিন্তু অদ্যাবধি প্রকল্পের কাজ শুরু হয়নি। বিষয়টি দেখার জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট ঠিকাদারকে দিয়ে বালি পরিবহনের কারনে ক্ষতিগ্রস্থ রাস্তা দ্রুততম সময়ের মধ্যে মেরামত করিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |
| ২৫ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তা (সকল) |
| | ২। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থার অংশ হিসেবে উপজেলার ভোটকেন্দ্রসমূহে (উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়সমূহে) প্রয়োজনীয় অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ( যেসকল প্রতিষ্ঠান ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে) অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার করার জন্য অনুরোধ জানানো হয়। | ২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ( যেসকল প্রতিষ্ঠান ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে) অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ৩। এডিপি, রাজস্ব উদ্বৃত্ত, হাট-বাজারসহ অন্যান্য যে কোন অবকাঠামোগত উন্নয়ন, রাস্তা ঘাট, ব্রীজ কালভার্টসহ অন্য যে কোন উন্নয়নমূলক কাজের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প নথিতে কাজ শুরুর আগের রঙ্গিন চিত্র এবং কাজ শেষের রঙ্গিন চিত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। অন্যথায় চূড়ান্ত বিল অনুমোদন করা হবে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩। এডিপি, রাজস্ব উদ্বৃত্ত, হাটবাজারসহ অন্যান্য যে কোন অবকাঠামোগত উন্নয়ন, রাস্তা ঘাট, ব্রীজ কালভার্টসহ অন্য যে কোন উন্নয়নমূলক কাজের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প নথিতে কাজ শুরুর আগের রঙ্গিন চিত্র এবং কাজ শেষে রঙ্গিন চিত্র অবশ্যই সংযুক্ত করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>সভাপতি মহোদয় জানান, জাইকা প্রকল্পের আওতায় মধু প্রক্রিয়াজাতকরণ প্রকল্প কাজটি চলতি অর্থ বছরের মধ্যেই বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতে চলতি অর্থ বছরে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ২০- | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের প্রকল্প সমূহ অনুমোদনের লক্ষ্যে ২০-১২-২০২৩ খ্রি. তারিখে প্রকল্প যাচাই বাছাই কমিটির বিশেষ সভার | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | ১২-২০২৩ খ্রি. তারিখে প্রকল্প যাচাই বাছাই কমিটির বিশেষ সভার কার্যবিবরণী অদ্যকার সভায় অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২। স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% শিরোনামে সোনালী ব্যাংক, উল্লাপাড়া শাখায় সৃজিত ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ ০১ অক্টোবর-৩১ ডিসেম্বর, ২০২৩ ( দ্বিতীয় ত্রৈমাসিক) পর্যন্ত সময়ে জমাকৃত অর্থ (ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী) উপজেলা রাজস্ব তহবিলে স্থানান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কার্যবিবরণী অদ্যকার সভায় অনুমোদনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>২। বিস্তারিত আলোচনান্তে স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% খাতে ০১ অক্টোবর-৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত জমাকৃত অর্থ উপজেলা রাজস্ব তহবিলে স্থানান্তরের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৮/১২/২৩

(মোঃ মনিরুজ্জামান)
চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৩-১৩২৬ তারিখ : ২৬-১২-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ----------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, -------------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

২৬.১২.২৩

( সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।